

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
[ আইন-১ অধিশাখা ]  
বাংলাদেশ সচিবালয়  
ঢাকা-১০০০।  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নং-৪৬.০২০.০০৪.০১.০০.১০৫৩.২০১৬- ৩ ৬ ২০

তারিখঃ ২৪ শ্রাবণ ১৪২৪  
৮ আগস্ট ২০১৭


বিষয় : রীট পিটিশন নং-১৫৪২৯/২০১৬ এ হাইকোর্ট বিভাগ প্রদত্ত Status-quo Vacate করার নিমিত্ত দায়িত্ব প্রদান সংক্রান্ত।

সূত্রঃ জেলা পরিষদ, কুমিল্লা'র স্মারক নং-২৫৬, তারিখঃ ১৮ জুলাই ২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলা সদরে বাসস্ট্যান্ড স্থাপনের বিষয়কে কেন্দ্র করে মাননীয় হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-১৫৪২৯/২০১৬ দায়ের করা হয়। মুরাদনগর উপজেলা সদরে জেলা পরিষদ বাসটার্মিনাল নির্মাণের জন্য এল এ কেইস নং-১৭/২০০৩-২০০৪ এর মাধ্যমে ভূমি অধিগ্রহণ হয়। অধিগ্রহণকৃত ভূমিতে Status-quo বলবৎ থাকায় ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য ইজারা প্রদান করা যায়নি। এতে সরকারের আর্থিক ক্ষতির কারণ হয়েছে।

২। এমতাবস্থায়, রীটভুক্ত ভূমি ইজারা প্রদান এবং উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের স্বার্থে বর্ণিত রীট পিটিশন নং-১৫৪২৯/২০১৬ এ প্রদত্ত Status-quo Vacate করণসহ সরকার পক্ষে মামলা পরিচালনা/প্রতিদ্বন্দ্বিতার যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হল।

সংযুক্তঃ ওকালতনামা-----ফর্দ।

  
০৮.৮.১৭  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব  
ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

জনাব মোঃ আশরাফুল আলম  
বিজ্ঞ প্যানেল আইনজীবী  
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
২. বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।
৫. হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
৬. কম্পিউটার প্রোগ্রামার (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।